খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

১৯/০৫/২২ খ্রিঃ তারিখ বেলা ০৪-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলাম এর সভাপতিত্বে তার দপ্তর কক্ষে অনুষ্ঠিত কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :

সভায় উপস্থিতি : (স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব),খুলনা সিটি কর্পোরেশন।
২। জনাব মোঃ মনজুরুল ইসলাম, প্রধান প্রকৌশলী, খুলনা সিটি কর্পোরেশন।
৩। জনাব মোঃ আব্দুল আজিজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) হিসেবে কর্মরত ও প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, কেসিসি।
৪। জনাব মশিউজ্জামান খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।
৫। জনাব শেখ মোহাম্মাদ মাসুদ করিম, নির্বাহী প্রকৌশলী-৩, খুলনা সিটি কর্পোরেশন।
৬। ডাঃ স্বপন কুমার হালদার, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।
৭। ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি সার্জন, খুলনা সিটি কর্পোরেশন।
৮। জনাব শেখ হাসান হাসিবুল হক, আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন।
৯। জনাব তপন কুমার নন্দী, কালেক্টর অব ট্যাক্সেস, খুলনা সিটি কর্পোরেশন।

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অত:পর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | (১.১) নৈতিকতা কমিটির সভা আয়োজন | ২০২১-২২ অর্থ বছরে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে এবং নিয়মিত সভা আয়োজনের কার্যক্রম চলমান আছে। এ অর্থ বছরে ১ম কোয়ার্টারের সভা ২২/০৮/২১ তারিখ, ২য় সভা ২৮/১০/২১ তারিখ, ৩য় সভা ১৯/০১/২২খ্রিঃ তারিখে এবং ১৯/০৫/২২ তারিখে ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয় অর্থাৎ ইতোমধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে মোট ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় স্থানীয় সরকার বিভাগের গত ২১/০৪/২২খ্রিঃ তারিখের ৪২৮নং স্মারকের নির্দেশনা অনুসারে কেসিসি'র গত ২৬/০৪/২২খ্রিঃ তারিখের ৮৫১নং স্মারকে মন্ত্রণালয়ে প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ সভায় অবহিত করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে প্রতি কোয়ার্টারে ত্রৈমাসিক ভিত্তিকে একটি করে ২০২১-২২ অর্থ বছরে মোট ৪টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এছাড়া ২০২২-২৩ অর্থ বছরে প্রতি কোয়ার্টারের প্রারম্ভেই নৈতিকতা কমিটির সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |
| ২ | (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতি কোয়ার্টারে অর্থাৎ তিনমাস অন্তর অন্তর সভা করা হচ্ছে এবং তা বাস্তবায়ন হচ্ছে। নৈতিকতা কমিটির সভা করার দায়িত্ব প্রধান নির্বাহী কর্মকর্তার এবং লক্ষ্যমাত্রা ৮০% বাস্তবায়ন করতেই হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সংশ্লিষ্ট সকল বিভাগ/শাখা কর্তৃক নৈতিকতা সভার সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ/শাখা |
| ৩ | (১.৩) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | সভায় প্রকাশ পায় যে, সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে বছরে ২টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা থাকবে। ইতোমধ্যে ১ম সভাটি গত ১৬ নভেম্বর, ২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ৪র্থ কোয়ার্টারে ২য় সভাটি আয়োজন করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে ২০২১-২২ অর্থ বছরে ২য় সভাটি ৪র্থ কোয়ার্টারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |

৭১৪

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৪ | (১.৪) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভাপতি মহোদয় বলেন, কেসিসি'র সকল বিভাগ ও শাখার কর্মচারীসহ ওয়ার্ড সচিব ও জন্ম-মৃত্যু নিবন্ধন সহকারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ বিষয়ে ফান্ড আছে। তিনি আরো বলেন, কেসিসি'র সকল বিভাগ ও শাখায় ই-নথি কার্যক্রম পূর্ণাঙ্গরূপে বাস্তবায়নসহ অন্যান্য বিষয়ের উপর প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল বিভাগ ও শাখার কর্মকর্তা ও কর্মচারীদেরকে ২৯/০৫/২০২২খ্রিঃ তারিখ হতে প্রশিক্ষণ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |
| ৫ | (১.৫) কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্য বিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | সভাপতি বলেন, স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সরকারি সব প্রোগ্রাম যথাযথভাবে পালন করা হয়। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এবং প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে স্বাস্থ্য বিধি অনুসরণসহ এতদবিষয়ে প্রশাসনিক শাখায় প্রতিবেদন জমা দিতে হবে। এছাড়া অফিসের টয়লেটসহ ওয়াশরুমের পরিস্কার-পরিচ্ছন্নতা এবং সংস্কার কার্যক্রম আরো বৃদ্ধির জন্য প্রধান প্রকৌশলী এবং প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা-কে আরো তৎপর হতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে স্বাস্থ্য বিষয়ক ও পরিস্কার পরিচ্ছন্নতাসহ অফিসের টয়লেট/ওয়াশরুমের সংস্কার কার্যক্রমকে আরো বেগবান করার এবং এ বিষয়ে সরকারি সব প্রোগ্রাম যথাযথ ভাবে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ, জনস্বাস্থ্য বিভাগ ও কন: শাখা |
| ৬ | (১.৬) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করণ। | কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরে ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা ১ম কোয়ার্টার ১৫/০৭/২১, ২য় কোয়ার্টার ১৫/১০/২১, ৩য় কোয়ার্টার ১৫/০১/২২ এবং ৪র্থ কোয়ার্টার ১৫/০৪/২২খ্রিঃ তারিখ। আইটি ম্যানেজারের মাধ্যমে কেসিসি'র ওয়েব সাইটে আপলোড করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল বিভাগ/শাখা এতদসংক্রান্ত কার্যাবলী সম্পাদনসহ ত্রৈমাসিক ভিত্তিতে স্বপ্রমানক প্রতিবেদন প্রশাসনিক শাখায় দাখিল এবং আইটি ম্যানেজারের মাধ্যমে কেসিসি'র ওয়েব সাইটে আপলোড এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ/ শাখা ও আইটি শাখা |
| ৭ | (১.৭) আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক। | ২০২১-২২ অর্থ বছরে অর্থাৎ জুলাই ২১ হতে জুন ২২ এর মধ্যে কর্মপরিকল্পনা প্রতিবেদন মন্ত্রণালয়ে পাঠাতে হবে। ০৪(চার) টি ফিড ব্যাক দেখাতে হবে। গত ২২/০৮/২০২১খ্রিঃ তারিখে বিকাল ৪-০০ ঘটিকায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ সংক্রান্তে ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২১) প্রতিবেদনের উপর ১১/১০/২১খ্রিঃ তারিখ, ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২১) প্রতিবেদনের উপর ১১/০১/২২খ্রিঃ তারিখ এবং ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২২) প্রতিবেদনের উপর গত ১১/০৪/২২খ্রিঃ তারিখ ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। এপ্রিল-জুন '২২ এর মধ্যে আরো একটি ফিডব্যাক সভা করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে অর্থাৎ জুলাই '২১ থেকে জুন '২২ এর মধ্যে মোট ০৪(চার)টি ফিডব্যাক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগ, প্রশাসনিক শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৮ | (১.৮) শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরে বিভিন্ন শাখায় যাচাই বাছাই করে সৎলোক নির্বাচন করতে হবে। দুর্নীতিমুক্ত কাজ ও ব্যবহার ভাল হতে হবে। এমন লোকের তালিকা করে পুরস্কারের ব্যবস্থা করতে হবে এবং উক্ত কার্যক্রমটি ২০২১-২২ অর্থ বছরে ৩০/০৬/২২ এর মধ্যে লক্ষ্যমাত্রা পূরণ করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে কেসিসি'র সকল বিভাগ ও শাখা প্রধানগণ এর মাধ্যমে সৎ ও দক্ষ লোক বাছাই পূর্বক নির্ধারিত ছকে প্রশাসনিক শাখায় তালিকা আগামী ০৯/০৬/২০২২খ্রিঃ তারিখের মধ্যে সাধারণ প্রশাসনিক শাখায় প্রেরণ এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা কেসিসি'র ওয়েব সাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ/শাখা |
| ৯ | ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন............... (২.১) ২০২১-২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েব সাইটে প্রকাশ। | কেসিসি'র ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক ক্রয় পরিকল্পনা করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র প্রধান প্রকৌশলী ২০২১-২২ অর্থ বছরে কেসিসি'র বার্ষিক ক্রয় পরিকল্পনা গ্রহণ করে তা ওয়েব সাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ |
| ১০ | (২.২) প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ২০২১-২২ অর্থ বছরে ৩০/০৬/২২ তারিখের মধ্যে প্রকল্প পরিচালনা কমিটি PIC'র সভা প্রধান প্রকৌশলীর দায়িত্বে আয়োজন করতে হবে। উল্লেখ্য ইতোমধ্যে প্রধান প্রকৌশলীর দায়িত্বে পিএসসির একটি এবং পিআইসি'র দুটিসহ মোট ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে আগামী ২০২২-২৩ অর্থ বছরে কেসিসি'র প্রধান প্রকৌশলী দায়িত্বে মোট ৩টি PIC'র সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সভার সিদ্ধান্তসমূহ আবশ্যিকভাবে পালনের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ |
| ১১ | (২.৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | সভায় প্রকাশ পায় যে, ২০২১-২২ অর্থ বছরে প্রধান প্রকৌশলীর দায়িত্বে কেসিসি'র বার্ষিক উন্নয়ন কর্মসূচি ৩০/০৬/২২ তারিখের মধ্যে ১০০% বাস্তবায়ন করতে হবে। কোয়ার্টার ভিত্তিক বিভাজন করে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১ম কোয়ার্টারে ১০০%, ২য় কোয়ার্টারে ১০০%, ৩য় কোয়ার্টারে ১০০% এবং ৪র্থ কোয়ার্টারে ১০০% বাস্তবায়ন হতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে কেসিসি'র বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রধান প্রকৌশলীর দায়িত্বে ১০০% করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ |
| ১২ | (২.৪) (৩) প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা। | কেসিসি'র সকল প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক ৩০/০৬/২২ তারিখের মধ্যে হস্তান্তর বাস্তবায়ন করতে হবে। উল্লেখ্য, প্রকল্পের গাড়ীসহ প্রকল্পভুক্ত অন্যান্য যন্ত্রপাতি ও আসবাবপত্র সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ফেরত দিবেন। গাড়ী নিয়ে তিনি বা তার প্রতিনিধি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ফেরত দিতে যাবেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি'র সকল প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ার পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) প্রধান প্রকৌশলী/ পিডি/ নির্বাহী প্রকৌশলী তথা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ নিজে বা তার প্রতিনিধির দায়িত্বে ৩০/০৬/২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে হস্তান্তর বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ত বিভাগ, যানবাহন (গ্যারেজ) ও বিদ্যুৎ শাখাসহ সংশ্লিষ্ট শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- | --- |
| ১৩ | (৩) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম........<br><br>৩.১ বিভাগীয় পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার ও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ও বিভিন্ন অংশীজনের (৫০জন+৫০জন) অংশগ্রহণে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন। | ২০২১-২২ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা অন্তত: ০২টি আয়োজন করতে হবে। ৬মাসে একটি হিসেবে অর্থ বছরে ২টি প্রশিক্ষণ/কর্মশালার জন্য (৫০জন+৫০জন) মোট অংশীজন ১০০জন হবে এবং তাদের তালিকা তৈরি করতে হবে। ইতোমধ্যে গত ২৯/১২/২১খ্রিঃ তারিখে কেসিসিতে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত ১ম কর্মশালাটি অনুষ্ঠিত হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২১-২২ অর্থ বছরে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্তে ২য় কর্মশালাটি ৪র্থ কোয়ার্টারে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |
| ১৪ | (৩.২) উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর পদ্ধতি এমআইএস (MIS) প্রবর্তন। | উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য তথ্য প্রযুক্তি নির্ভর MIS (Management Implementation System) প্রবর্তন করা প্রয়োজন। যতগুলো প্রকল্প আছে সেগুলোর তথ্য চেয়ে চিঠি দিতে হবে এবং মনিটরিং সিস্টেমে আনতে হবে। এ বিষয়ে সফটওয়্যার করে নিতে হবে। এ খাতে প্রয়োজনীয় খরচের টাকা নথিতে নোট দিয়ে প্রশাসনিক অনুমোদন করে নিতে হবে। এ কাজে প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আই.টি ম্যানেজার দায়িত্ব পালন করবেন্। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উন্নয়ন প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য কেসিসি'র প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) এবং আই.টি ম্যানেজার এতদসংক্রান্তে দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক একাজে প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যয় প্রশাসনিক অনুমোদন করে নিবেন। | পূর্ত বিভাগ, বিদ্যুৎ শাখা, আই.টি শাখা |
| ১৫ | (৩.৩) সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিতকরণ। | সভায় প্রকাশ পায় যে, নির্দেশনা মোতাবেক এ কাজটি এসএনভি সম্পন্ন করছে। আগামি জুন, ২২ মাসের মধ্যে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণ অনলাইনে কার্যক্রম শুরু হবে বলে আশা করা যায়। এতদসংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। উল্লেখ্য স্থানীয় সরকার বিভাগ থেকে গত ০৫/০৪/২০২২ খ্রিঃ তারিখের ৩৫৮নং স্মারকে এ বিষয়ে পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য জোর তাগিদ প্রদান করা হয়। উক্ত পত্রের নির্দেশনা অনুসারে কেসিসি'র গত ২৬/০৪/২২খ্রিঃ তারিখের ৮৫৩নং স্মারকে উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য কেসিসি'র প্রধান রাজস্ব কর্মকর্তা-কে পত্র দেয়া হয়। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক অনলাইনে ট্রেড লাইসেন্স নবায়ন এবং হোল্ডিং ট্যাক্স গ্রহণের ব্যবস্থা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ, বিদ্যুৎ শাখা ও আইটি শাখা |
| ১৬ | (৩.৪) কনফারেন্স রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রবর্তন | কেসিসিতে কনফারেন্স রুমে সভার বক্তব্য রেকর্ড করা হয় এবং পরে রেকর্ড শুনে রেজুলেশন করা হয়। এ ব্যবস্থার প্রবর্তন করে রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরি করতে হবে এবং অনলাইনে সভা হবে। সকলেই অন্যত্র বসে সভা শুনতে বা দেখতে পারবেন। ৩০/০৬/২২ তারিখের মধ্যে এ সংক্রান্ত কাজটি সম্পন্ন করতে হবে। আইটি ম্যানেজার বলেন, ইতোমধ্যে কনফারেন্স রুম ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রবর্তন-এর জন্য গুগল শীট ব্যবহার করে পরীক্ষামূলকভাবে কাজটি করা হচ্ছে। | গত ০৯/০২/২২খ্রিঃ তারিখ থেকে Google Sheet এর মাধ্যমে সফটওয়্যার প্রবর্তন পূর্বক মিটিং ম্যানেজমেন্ট করা হচ্ছে। | বিদ্যুৎ ও আইটি শাখা |

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৭ | (৩.৫) দুর্নীতি বিরোধী দিবস উদযাপন | কেসিসি'র নিজস্ব জনবল দিয়ে ২০২১-২০২২ অর্থ বছরে ২য় কোয়ার্টারে একবার দুর্নীতি দিবস উদযাপন করা হয়েছে। | কেসিসি'র নিজস্ব জনবল দিয়ে গত ০৯/১২/২১খ্রিঃ তারিখ কেসিসিতে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উদযাপিত হয়। | প্রশাসনিক শাখা |
| ১৮ | | কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ত্রৈমাসিক রিপোর্ট (৪র্থ কোয়ার্টার) এপ্রিল-জুন, ২০২২ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণার্থে ০২/০৭/২০২২খ্রিঃ তারিখের মধ্যে কেসিসি'র সকল বিভাগ/সংশ্লিষ্ট শাখা প্রধানগণ নির্ধারিত ফরম পূরণ করত স্ব-প্রমাণক প্রতিবেদন সাধারণ প্রশাসনিক শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করবেন। | কেসিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ত্রৈমাসিক রিপোর্ট ৪র্থ কোয়ার্টার: (এপ্রিল-জুন,২২) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণার্থে ০২/০৭/২০২২খ্রিঃ তারিখের মধ্যে কেসিসি'র সকল বিভাগ/সংশ্লিষ্ট শাখা প্রধানগণ নির্ধারিত ফরম পূরণ করত স্ব প্রমাণক প্রতিবেদন সাধারণ প্রশাসনিক শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগ ও সংশ্লিষ্ট শাখা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/৫/২২
লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

নম্বর-কেসিসি/সে:বি:/সা:প্র:শা:/৩-২২৯৬(প্রশা-২)/২২-৯৭১(৮) তারিখ-১৯/০৫/২০২২খ্রিঃ

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
২। নৈতিকতা কমিটির সদস্যগণ, খুলনা সিটি কর্পোরেশন।
৩। বিভাগীয় প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৪। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৫। সংশ্লিষ্ট শাখা প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৬। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সি.এ.টু প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৮। সংশ্লিষ্ট নথি।

১৯/৫/২২
লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন৭২০৪০৯-০২৪৭৭-
E-mail: ceo.kcc.kln@gmail.com

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

৭১০

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

অদ্য ১৬/১১/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অংশ হিসেবে কেসিসিতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

**সভায় উপস্থিতি : সংযুক্ত "ক"**

জনাব মোঃ আজমুল হক, প্রধান নিবাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) ও সভার সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১ সংক্রান্ত স্টেকহোল্ডারদের সাথে অনুষ্ঠিত সভায় উপস্থিত প্রধান অতিথি, মাননীয় মেয়র মহোদয়, মেয়র প্যানেলের সদস্যবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, উপস্থিত সরকারি ও অসরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে স্বাগত জানান। অত:পর তিনি বলেন, সোনার বাংলা গড়তে শুদ্ধাচার অপরিহার্য, এটা প্রথমে মাথায় রাখতে হবে। শুদ্ধাচার বলতে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণ এবং উৎকর্ষ সাধনকে বোঝায়। ২০২১ থেকে সিটি কর্পোরেশনে শুদ্ধাচার কৌশল পরিকল্পনায় স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে সংযুক্ত হয়। শুদ্ধাচার কৌশলের উদ্দেশ্য সোনার বাংলা গড়তে ন্যায়বোধ প্রতিষ্ঠার জন্য প্রকল্প দ্রুত বাস্তবায়ন করতে জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তায় সরকারি-বেসরকারি কর্মকর্তাসহ সকলের সহযোগিতা প্রয়োজন। এ পর্যায়ে কেসিসির প্রশাসনিক কর্মকর্তাকে সভাটি উপস্থাপনার দায়িত্ব প্রদান করেন। সসভায় উপস্থিত সভ্যগণ তাদের সুচিন্তিত মতামত দেন।

মাননীয় মেয়র মহোদয় ওয়ার্ডের সচিব ও জন্ম নিবন্ধন সহকারিকে ট্রেনিং করানোর পাশাপাশি সম্মানিত কাউন্সিলর দের ট্রেনিং করানোর বিষয়ে অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, সরকারি বিধি বিধান অনুযায়ী স্থানীয় সরকারের মাধ্যমে সিটি কর্পোরেশন এর মাধ্যমে উন্নয়ন হয়ে থাকে। সরকারের জনপ্রতিনিধি হিসেবে কেসিসি'র পাঁচটি বিভাগের প্রধানরা কাজ করে। মানুষের যোগ্যতা, সততা, নিষ্ঠা যদি থাকে তবে তার সফলতা আসবে অনিবার্য। যারা চাকরি করে, মাস গেলে তারা বেতন নেয়। এদের মধ্যে যারা মনে করে তার উপর অর্পিত দায়িত্ব বা কাজগুলো সঠিকভাবে যথাসময় করতে হবে, তারাই একসময় যোগ্যতা বলে নিজের অবস্থান তৈরি করে নিতে পারে। শুদ্ধাচার চর্চা করে যারা সততা ও নিষ্ঠার সাথে কাজ করে এবং দুর্নীতির বিরুদ্ধে অবস্থান নেয় তারা কর্মক্ষেত্রের সকল স্তরে সাফল্য লাভ করে। তাই তিনি শুদ্ধাচার চর্চা করে জীবনের সকল ক্ষেত্রে নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান।
বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। | জন্ম নিবন্ধন বিষয়ে সকল ওয়ার্ডের সচিব ও জন্মনিবন্ধন সহকারীকে আগে প্রশিক্ষণ সহ সম্মানিত কাউন্সিলরগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, কেসিসি। |
| ২। | হোল্ডিং ট্যাক্স এর ক্ষেত্রে অন লাইন বিলিং সিস্টেম চালুকরণ এবং জুন-২০২২ এর মধ্যে অনলাইন এ্যাসেসমেন্ট চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), কেসিসি। |
| ৩। | কেসিসি'র প্রধান দপ্তরের তালিকাভূক্ত কর্মচারীদেরকে শুদ্ধাচার, নৈতিকতা, ই-নথি, অফিস ম্যানেজমেন্ট ইত্যাদি বিষয়ে ট্রেনিং করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব, কেসিসি। |
| ৪। | কেসিসির সকল দপ্তরে নৈতিকতা ও শুদ্ধাচার চর্চা করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সকল দপ্তরে ই-নথি ব্যবস্থার প্রবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), আইটি ম্যানেজার, কেসিসি। |
| ৫। | খুলনা শহরের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ জায়গায় সিটিজেন চার্টার এনজিও কর্তৃক টাঙানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা, কেসিসি। |

অতঃপর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সরকারি বিভিন্ন দপ্তর থেকে আগত প্রতিনিধিবৃন্দসহ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আজমুল হক
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

স্মারক নং-কেসিসি/সেঃবিঃ/সাঃপ্রঃশাঃ/।।।-৩৬১(৫)/২১-১৬৫৩ (৮) তারিখ- ১৬/১১/২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব.................................................................মেয়র প্যানেলের সদস্য, খুলনা সিটি কর্পোরেশন।
৩। জনাব.................................................................সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-............, কেসিসি।
৪। জনাব.....................................................................।
৫। বিভাগীয় প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৬। শাখা প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৭। সি.এ টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
৮। সংশ্লিষ্ট নথি।

মোঃ আজমুল হক
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

## সংযুক্ত-"ক"

### সভায় উপস্থিতি :

১. জনাব মোঃ আমিনুল ইসলাম, মুন্না, প্যানেল মেয়র-১ ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫, খুলনা সিটি কর্পোরেশন।
২. জনাব এ্যাড. মেমরী সুফিয়া রহমান শুনু, প্যানেল মেয়র-৩ ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৫, কেসিসি।
৩. অধ্যাপক মোঃ আলমগীর কবির, কমান্ডার (সাবেক), খুলনা মহানগর মুক্তিযোদ্ধা সংসদ।
৪. জনাব মকবুল হোসেন মিন্টু, বীর মুক্তিযোদ্ধা, সাবেক সভাপতি, খুলনা প্রেস ক্লাব।
৫. জনাব নূরুল ইসলাম মনু, সাবেক কাউন্সিলর, কেসিসি, বীর মুক্তিযোদ্ধা।
৬. জনাব মোঃ আছাদুজ্জামান, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।
৭. জনাব মোঃ আজমুল হক, সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
৮. জনাব নাজিবুল আলম, নির্বাহী ম্যাজিস্ট্রেট, খুলনা সিটি কর্পোরেশন।
৯. জনাব আবির উল জব্বার, চীফ প্লানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
১০. জনাব মোঃ সেলিমুর রহমান, বাজার সুপার, খুলনা সিটি কর্পোরেশন।
১১. জনাব রওশন আরা খাতুন, হিসাব রক্ষক, খুলনা সিটি কর্পোরেশন।
১২. জনাব মোঃ ফারুক হোসেন তালুকদার, সিনিয়র লাইসেন্স অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
১৩. জনাব মোঃ ইরফান আহমেদ খান, সিসি, এসএনভি।
১৪. জনাব সরদার মিজানুর রহমান,সহকারী, খুলনা সিটি কর্পোরেশন।
১৫. জনাব মোঃ গোলাম মোস্তফা, টিসিএস, খুলনা সিটি কর্পোরেশন।
১৬. জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ),খুলনা সিটি কর্পোরেশন।
১৭. জনাব মোঃ ইউনুচ আলী শেখ, খুলনা সিটি কর্পোরেশন।
১৮. ডাঃ স্বপন কুমার হালদার, স্বাস্থ্য কর্মকর্তা হিসেবে কর্মরত, খুলনা সিটি কর্পোরেশন।
১৯. জনাব জাহিদ হোসেন শেখ, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ),খুলনা সিটি কর্পোরেশন।
২০. জনাব ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি সার্জন, খুলনা সিটি কর্পোরেশন।
২১. জনাব মোঃ আব্দুল আজিজ, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) ও প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
২২. জনাব মোঃ অহিদুজ্জামান খান, রাজস্ব কর্মকর্তা (ভাঃ),খুলনা সিটি কর্পোরেশন।
২৩. জনাব তপন কুমার নন্দী, কালেক্টর অব ট্যাক্সেস, খুলনা সিটি কর্পোরেশন।
২৪. জনাব জান্নাতুল ফেরদৌস শুক্লা, ডিসিটি, খুলনা সিটি কর্পোরেশন।
২৫. জনাব মোঃ মোস্তফা জামান, এসিটি, খুলনা সিটি কর্পোরেশন।
২৬. জনাব এস,এম চিশতী, ডিরেক্টর, প্রোগ্রাম জেজেএস।
২৭. জনাব মোঃ নুরুজ্জামান তালুকদার, এস্টেট অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
২৮. জনাব আবু মুজাফ্ফর মাহমুদ, এসআরসি, ব্র্যাক-ইউডিপি।
২৯. জনাব কাজী মোঃ ইমরুল হাসান, ডিসিটি, খুলনা সিটি কর্পোরেশন।
৩০. জনাব মোঃ মনিরুল আলম লিটন, এসিটি, খুলনা সিটি কর্পোরেশন।
৩১. জনাব শেখ এনামুল কবির, কর আদায়কারী সরকার, খুলনা সিটি কর্পোরেশন।
৩২. জনাব মোঃ মিজানুর রহমান, কর আদায়কারী সরকার, খুলনা সিটি কর্পোরেশন।
৩৩. জনাব মোঃ আব্দুর রকীব, সহকারী কঞ্জারভেন্সী অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৩৪. জনাব বাবুল কুমার সাহা, সিটি ট্রেড সেন্টার।
৩৫. জনাব মোঃ আনিসুর রহমান, কঞ্জারভেন্সী অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৩৬. জনাব মোঃ মিজানুর রহমান, উচ্চমান সহকারী, খুলনা সিটি কর্পোরেশন।
৩৭. জনাব নুরুন্নাহার এ্যানি, সহকারী কঞ্জারভেন্সী অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৩৮. জনাব মোঃ গোলাম মোস্তফা, সহকারী, জনসংযোগ দপ্তর, খুলনা সিটি কর্পোরেশন।
৩৯. জনাব মোঃ রফিকুল ইসলাম, মোল্লা কাম মোহরার, খুলনা সিটি কর্পোরেশন।
৪০. জনাব তরিকুল আলম, আইটি সহকারী,খুলনা সিটি কর্পোরেশন।
৪১. জনাব জি.এম কুতুব উল আলম, সহকারী, সাধারণ প্রশাসনিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন।
৪২. জনাব মোঃ আবুল কাসেম, সহকারী, সাধারণ প্রশাসনিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন।
৪৩. জনাব মোঃ নাঈমুজ্জামান, সহকারী, সাধারণ প্রশাসনিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন।
৪৪. জনাব মোঃ আবদুস সালাম ফারাজী, উচ্চমান সহকারী, সাধারণ প্রশাসনিক শাখা, খুলনা সিটি কর্পোরেশন।

209

মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

নং-কেসিসি/সেঃবিঃ/সাঃপ্রঃশাঃ/III-১২৯৩(অংশ-৪)/২২-৯২৮-৫ তারিখঃ২০ /০৬/২০২২খ্রিঃ

**বিষয় ঃ অংশীজন সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের গত ৩১/০৫/২১খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০০১.২০২০.৬৪৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর ১.৩ এ উল্লিখিত "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা" সংক্রান্ত নির্দেশনা রয়েছে। এরই আলোকে আগামী ২৬ জুন ২০২২ খ্রি. তারিখ নগর ভবনের "শহীদ আলতাফ মিলনায়তনে" সকাল ১১-০০টায় কেসিসিতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে একটি সভা আহবান করা হয়েছে। উল্লেখ্য, খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয় উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠেয় সভায় অংশগ্রহণের জন্য তাঁকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২০/৬/২২

..............................................
..............................................
..............................................

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
ceo.kcc.kln@gmail.com

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
২। নৈতিকতা কমিটির সদস্যগণ, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, কেসিসি (বর্ণিত সভায় অংশগ্রহণের জন্য তাকে অনুরোধ করা হলো)।
৩। বিভাগীয় প্রধান (সকল), কেসিসি (বর্ণিত সভায় অংশগহণের জন্য তাকে অনুরোধ করা হলো)।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সিভিল), কেসিসি (বর্ণিত সভায় অংশগহণের জন্য তাকে অনুরোধ করা হলো)।
৫। নির্বাহী প্রকৌশলীবৃন্দ, খুলনা সিটি কর্পোরেশন (বর্ণিত সভায় অংশগহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৬। বাজেট কাম একাউন্টস অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৭। চীফ প্লানিং অফিসার, খুলনা সিটি কর্পোরেশন (বর্ণিত সভায় অংশগহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৮। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৯। আই.টি ম্যানেজার, কেসিসি (বর্ণিত সভায় অংশগ্রহণসহ কেসিসির ওয়েব সাইটে আপলোড করণের অনুরোধ করা হলো)।
১০। সি এ টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। সি এ টু প্রধান নির্বাহী কর্মকর্তা, কেসিসি।
১২। সংশ্লিষ্ট নথি।

D:\c-My Documents\Secratary\Sarok-Sec.doc

খুলনা সিটি কর্পোরেশন

খুলনা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আলোকে ২৬/০৬/২০২২খ্রিঃ তারিখ খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে "সুশাসন প্রতিষ্ঠান নিমিত্ত অংশীজনের সভা" সংক্রান্ত আলোচনায় উপস্থিতি:

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | [illegible] | CEO, KCC | [signature] ২৬।৬।২২ |
| ৩। | মো: আজিজুল হক | সচিব, কেসিসি | [signature] ২৬।৬।২২ |
| ৪। | অধ্যাপক মো: আনোয়ারুল কাদির | [illegible] | [signature] 26.6.22 |
| ৫। | মকবুল হোসেন মিন্টু | মুক্তিযোদ্ধা (ডে. কমান্ডার) সাবেক সভাপতি খুলনা প্রেস ক্লাব | [signature] |
| ৬। | নুরুল ইসলাম মনু | সহকারী কমান্ডার সাবেক কাউন্সিলর কে সি সি | [signature] 26/6/22 |
| ৭। | সরদার মাহবুবার রহমান | জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, খুলনা | [signature] 26/6/22 |
| ৮। | [illegible] | [illegible] | [signature] |
| ৯. | মোঃ মনিরুজ্জামান রহিম | [illegible] | [signature] |
| ১০ | মো: [illegible] | S.L.O | [signature] |
| ১১ | [illegible] | E.T | [signature] 26/6/22 |
| ১২ | মো: [illegible] | U D | [signature] 26/6/22 |
| ১৩ | ড. [illegible] বিশ্বাস | V S, KCC | [signature] 26.06.22 |
| ১৪ | শুভ প্রতীক দাস | Social Worker | [signature] 26.06.2022 |
| ১৫ | মো: [illegible] রহমান | সহকারী আইটি ম্যানেজার | [signature] 26-6-22 |
| 16 | বিপ্লব সাহা | ক্যামেরাম্যান BTV, খুলনা | [signature] |
| 17. | Abdullah Al Mamun | Reporter, Somoy TV | [signature] |

D:\Current File\Susason\Hajira.Docx

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আলোকে ২৬/০৬/২০২২খ্রিঃ তারিখ খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে "সুশাসন প্রতিষ্ঠান নিমিত্ত অংশীজনের সভা" সংক্রান্ত আলোচনায় উপস্থিতি:

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| 18 | এম এম [illegible] | [illegible] | [illegible] |
| 19 | মো: ইমরান আহমেদ খান | সিনিয়র [illegible] SNV | [illegible] |
| ২০. | মো: মিজানুর রহমান | [illegible] প্রকৌশলী | [illegible] |
| ২১ | মো: মনিরুজ্জামান | উপ সহকারী প্রকৌশলী | [illegible] |
| ২২. | রেজবিনF খানম, | স্থপতি, কেসিসি. | [illegible] |
| ২৩. | ডা: শরীফ শামসউল ইসলাম | স্বাস্থ্য কর্মকর্তা | [illegible] |
| ২৪. | আবু বকর [illegible] | প্রধান পরিকল্পনা কর্মকর্তা কেসিসি | [illegible] |
| ২৫. | জাহিদ হোসেন শেখ | নি:প্র: (বিদ্যুৎ) কেসিসি | [illegible] |
| ২৬ | মো: আবুল আজিজ | SE(M) & CWMO, KCC | [illegible] |
| ২৭ | মো: মনিরুজ্জামান | BAO | [illegible] 26/6 |
| ২৮. | মশিউজ্জামান খান | SE, KCC | [illegible] ২৬/৬/22 |
| ২৯ | মো: মনজুরুল ইসলাম | CE, KCC | [illegible] 26/6/22 |
| ৩০ | Shaikh Ashrafuzzaman | Khulna Unnayan Songram Somonnoy Committee | [illegible] |
| ৩১ | মোঃ আনিসুজ্জামান খান | বাজেট কর্মকর্তা কেসিসি | [illegible] |
| ৩২ | [illegible] | [illegible] | [illegible] |
| ৩৩ | বিশ্বজিৎ দাস [illegible] | নির্বাহী কর্মকর্তা [illegible] খুলনা | [illegible] |
| ৩৪ | ইমাম মো: হাফিজুর রহমান | খুলনা আহ্ছানিয়া নাগরিক ফোরাম | [illegible] |

খুলনা সিটি কর্পোরেশন

খুলনা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আলোকে ২৬/০৬/২০২২খ্রিঃ তারিখ খুলনা সিটি কর্পোরেশনের শহীদ আলতাফ মিলনায়তনে "সুশাসন প্রতিষ্ঠান নিমিত্ত অংশীজনের সভা" সংক্রান্ত আলোচনায় উপস্থিতি:

সভায় উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে) :

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩৫/ | মোঃ আমিনুল ইসলাম মুন্না | প্যানেল মেয়র | [signature] |
| ৩৬/ | এ্যাড. মেমরী সুফিয়া রহমান মুনু | প্যানেল মেয়র | [signature] 26/06/22 |
| ৩৭/ | আলী / আকবর টিপু | " " | [signature] 26/06/22 |
| ৩৮/ | শাহিন কামাল খান | নাগরিক নেতা | [signature] |
| ৩৯/ | এ্যাড: [illegible] দাস | নাগরিক ফোরাম | [signature] |
| ৪০/ | [illegible] | F.O Rupantar | [signature] |
| ৪১/ | এ্যাড. [illegible] | সহ সচিব [illegible] | [signature] |
| ৪২/ | [illegible] | নাগরিক | [signature] |
| ৪৩/ | [illegible] | " | [signature] |
| ৪৪/ | [illegible] | WF | [signature] |
| ৪৫/ | [illegible] | [illegible] PID | [signature] |
| ৪৬/ | মোঃ সুলতান হোসেন | [illegible] PID | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |